গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ

বিজ্ঞপ্তি নং-১৮০/নসক/২০২৩ তারিখ: ২৪/১২/২০২৩ খ্রি.

**২০২৩ সালের স্নাতক (পাস) বি.এ/ বি.এস.এস/বি.বি.এস এবং সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছুদের তালিকাভুক্তি ও রেজিষ্ট্রেশন সংক্রান্ত কার্যক্রম ০৯/০১/২০২৪ খ্রি. তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট www.nu.ac.bd/admissions লিংকে গিয়ে আবেদন ফরম সংগ্রহ করে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ফি সমূহ ডাচ-বাংলা মোবাইল ব্যাংকের মাধ্যমে ১১৯২/-টাকা ৩১৯ বিলার আইডিতে জমা দিয়ে টাকা জমাদানের TXN নং সহ আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ অত্র কলেজের পরীক্ষা শাখায় জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।**

১। প্রয়োজনীয় ফি এর বিবরণ ঃ

| ক্রঃ নং | ফি সমূহের বিবরণ | পরিমান (টাকা) |
|---|---|---|
| ০১ | রেজিষ্ট্রেশন ফি | ৪৮৫/= |
| ০২ | আবেদন ফি | ২৫০/= |
| ০৩ | ইনকোর্স | ৪০০/= |
| ০৪ | ব্যবস্থাপনা ফি | ৫০/= |
| ০৫ | ব্যাংক সার্ভিস চার্জ | ০৭/= |
| | সর্বমোট = | ১১৯২/= |

২। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা ঃ

(ক) বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০২১ সাল বা তৎপূর্বে উচ্চ মাধ্যমিক/ সমমান পরীক্ষায় ৪র্থ বিষয় সহ জিপিএ ২.০০ ও সনাতন পদ্দতিতে নূন্যতম ৪০% নম্বর পেয়ে এবং এস.এস.সি পরীক্ষায় জিপিএ ২.০০ এবং সনাতন পদ্ধতিতে ৪০% নম্বর পেয়ে উত্তীর্ণ প্রার্থীরা ২০২৩ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে বি.এ/ বি.এস.এস/ বি.বি.এস (পাস) কোর্সের পরীক্ষায় প্রাইভেট রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এইচ.এস.সি সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র ১। এইচ.এস.সি (ভোকেশনাল) ২। ডিপ্লোমা-ইন-কমার্স ৩। এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।

(খ) O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে ‘বি’ গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২১ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষায় একটি বিষয়ে ‘বি’ গ্রেডসহ অন্তত: ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩ সালের স্নাতক (পাস) প্রাইভেট রেজিষ্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে।

(গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ( যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৩ সালের স্নাতক (পাস) প্রাইভেট রেজিষ্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৩ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবেদন করতে পারবে।

(ঘ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিষ্ট্রেশন বাতিল বলে গণ হবে।

(ঙ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

(চ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিষ্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

৩। প্রাইভেট সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন যোগ্যতা ঃ

(ক) বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস) /স্নাতক (সম্মান) পরক্ষিায় উত্তীর্ণ প্রার্থীরা যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস)/ স্নাতক (সম্মান) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সে সব বিষয় ছাড়া নিম্নে উল্লেখিত যে কোন একটি বিষয় নিয়ে সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(খ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

(গ) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত প্রার্থীরা ২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সংগে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

বিষয় সমূহ ঃ দর্শন, ইসলামী শিক্ষা, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা।

৪। প্রয়োজনীয় কাগজপত্র ঃ

(ক) ডিগ্রী (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের ক্ষেত্রে এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাসের সনদ পত্র ও নম্বর পত্র/একাডেমিক ট্রান্সক্রীপ্ট এর ০১ টি করে ফটোকপি।

(খ) সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের ক্ষেত্রে এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান ও ডিগ্রী (পাস) পরীক্ষা পাসের সনদ পত্র ও নম্বর পত্রের ফটোকপি ০১ টি করে এবং ডিগ্রী (পাস) পরীক্ষার রেজিষ্ট্রেশন কার্ডের ফটোকপি ০১ কপি (সত্যায়িত) ফটোকপি।

(গ) পাঠ বিরতীর প্রত্যয়ন পত্র ০১ কপি।

(ঘ) পাসপোর্ট আকারের রঙিন ছবি ০৩ কপি।

(ঙ) চারিত্রিক সনদপত্র ১ কপি।

৫। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়সমূহ :

| ভর্তিচ্ছু কোর্সসমূহ | আবশ্যিক বিষয়সমূহ | নৈর্বাচনিক বিষয়সমূহ |
|---|---|---|
| (ক) বি.এ (পাস) | (ক) স্বাধীন বাংলাদেশের অভ্যুদ্বয়ের ইতিহাস ১ম বর্ষ<br>(খ) বাংলা জাতীয় ভাষা ২য় বর্ষ<br>(গ) ইংরেজি ৩য় বর্ষ | (ক) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি<br>(খ) ইসলামী শিক্ষা/দর্শন<br>(গ) অর্থনীতি/ রাষ্ট্রবিজ্ঞান |
| (খ) বি.এস.এস (পাস) | | (ক) অর্থনীতি<br>(খ) রাষ্ট্রবিজ্ঞান<br>(গ) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ইসলামী শিক্ষা/দর্শন |
| (ক) বি.বি.এস (পাস) | | (ক) হিসাববিজ্ঞান<br>(খ) ব্যবস্থাপনা<br>(গ) অর্থনীতি |

**৩১৯ বিলার আইডিতে টাকা জমাদানের নিয়মাবলি : বি.এ: ২০২৩০১০১ এর পর ডিগ্রি ভর্তির রোল নম্বর সঠিক ভাবে লিখতে হবে।**

**বি.এস.এস : ২০২৩০১০২ এর পর ডিগ্রি ভর্তির রোল নম্বর সঠিক ভাবে লিখতে হবে।**

**বি.বি.এস : ২০২৩০১০৩ এর পর ডিগ্রি ভর্তির রোল নম্বর সঠিক ভাবে লিখতে হবে।**

**বি. দ্র. এই কলেজের সকল ছাত্র-ছাত্রীদের/শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সকল প্রকার ভর্তির প্রাথমিক আবেদন ফি, ভর্তি, সেশন চার্জ এবং ফরম পূরনের ফি নোটিশে উল্লেখিত ফির কম বা বেশি অথবা ২বার/৩বার করে দেওয়া যাবে না। নির্ধারিত ফি সঠিকভাবে না দিলে Software তা গ্রহণ করবেনা। সঠিকভাবে নির্ধারিত ফি না দেওয়ার কারনে, Software গ্রহণ না করলে ভর্তি/আবেদন ফি/ফরম পূরনের কোন দায়-দায়িত্ব কর্তৃপক্ষ বহন করবে না। আদায়কৃত ফি ফেরত দেওয়ার কোন বিধান নেই। উল্লেখ্য যে, ফি জমাদানের পেমেন্ট স্লিপ Online হতে ডাউনলোড করে ০১ কপি পরীক্ষা শাখায় জমা দিতে হবে।**

অধ্যক্ষ
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।

প্রফেসর মোঃ নাজমুল হাসান
আইডি নং-৪৭১৩
অধ্যক্ষ
নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।